

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৯.২৪.২২০.২০২৬-১৩০

তারিখ: ২৫/০৬/২০২৬

বিষয়ঃ এডিবি-এর সহযোগিতায় সারা দেশে নির্বাচিত ৪৭১টি মাধ্যমিক স্কুলে “Situational Analysis of Technology in Education” শীর্ষক সমীক্ষার তথ্য সংগ্রহ কার্যক্রমে MOMODa Foundation-কে অনুমতি প্রদান প্রসঙ্গে

সূত্র :

১। মমদা ফাউন্ডেশনের আবেদন; স্মারক নং- মমদা/মাউশি/২০২৬/২৯৯, তারিখ-১৮/০৬/২০২৬

২। ADB Bangladesh Resident Mission-এর পত্র, তারিখ: ২১/০৫/২০২৬

৩। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর স্মারক নং-৩৭.০০.০০০০.০০০.১২৩.২৪.০০০.২৫-২১১, তারিখ: ১৮/১২/২০২৫।

৪। অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ERD)-এর স্মারক নং-০৯.০০.০০০০.০০০.১২৬.১৪.০০১০.১৭.৩৮০, তারিখ: ২৪/১২/২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) এর Regional Technical Assistance Project (TA-10165-REG) এর আওতায় “Situational Analysis of Technology in Education” শীর্ষক একটি সমীক্ষা পরিচালিত হবে। উক্ত সমীক্ষা বাস্তবায়নের জন্য ADB কর্তৃক MOMODa Foundation-কে Survey Firm হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। সমীক্ষার আওতায় সারা দেশে নির্বাচিত ৪৭১টি মাধ্যমিক স্কুলে নিম্নলিখিত কার্যক্রম পরিচালনা করা হবেঃ

- শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকের সাক্ষাৎকার গ্রহণ;
- পাবলিক পরীক্ষার ফলাফল সংগ্রহ ও বিশ্লেষণ;
- আইসিটি ল্যাবের তথ্য সংগ্রহ;
- ছাত্রছাত্রীদের উপস্থিতির তথ্য;
- বাংলা, ইংরেজি, গণিত বিষয়ে কুইজ টেস্ট;
- আইসিটি বিষয়ে ছাত্রছাত্রীদের দক্ষতা যাচাই

এমতাবস্থায়, নিম্নলিখিত শর্তসাপেক্ষে MOMODa Foundation-কে সমীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহঃ

- i) দৈনন্দিন শিক্ষা কার্যক্রমে বিঘ্ন ঘটে এমন কোনো কার্যক্রম নেয়া যাবে না।
- ii) শিক্ষাপ্রতিষ্ঠানের এবং শিক্ষার্থীদের সম্মতির ভিত্তিতে সমীক্ষা/সার্ভে সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করতে হবে।
- iii) সরকারের বা রাষ্ট্রের ভাবমূর্তি নষ্ট হয় এমন নেতিবাচক কোনো মতামত গ্রহণ ও প্রদান করা যাবে না।
- iv) জাতীয় ও ধর্মীয় চেতনা পরিপন্থী কোনো কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- v) এ কার্যক্রম পরিচালনায় মাউশি অধিদপ্তরের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না।
- vi) মাঠপর্যায় থেকে প্রাপ্ত তথ্যাদির আলোকে খসড়া রিপোর্ট এবং চূড়ান্ত রিপোর্ট ভ্যালিডেশন ও ডেসিমিনেশন ওয়ার্কশপের মাধ্যমে সম্পন্ন করতে হবে। এই সকল ওয়ার্কশপে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ এবং অধিদপ্তরের কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- vii) মাউশি অধিদপ্তর যে কোন সময় এ কার্যক্রম বন্ধ করতে পারবে।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি:

নির্বাচিত ৪৭১ টি মাধ্যমিক বিদ্যালয়ের তালিকা

জনাব মুহাঃ এনামুল হক
নির্বাহী পরিচালক
মমদা ফাউন্ডেশন

MM 25.6.26
মোঃ আবদুল মান্নান
সহকারী পরিচালক (গবেষণা ও উদ্ভাবন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৯.২৪.২২০.২০২৬-১৩০

তারিখ: ২৭/০৬/২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সংশ্লিষ্ট অঞ্চল।
- ২। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট উপজেলা।
- ৪। প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান (সমীক্ষা কাজে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।
- ৫। অফিস কপি।

~~AAA~~ 25.6.26

মোঃ আবদুল মান্নান

সহকারী পরিচালক (গবেষণা ও উদ্ভাবন)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা